9. The Liquidator reserves the right to amend/ change the terms of the ASPM at his sole discretion and amend the timelines of the Sale Process including but not limited to the dates of the E-Auction Process. The Liquidator, in accordance with the advice of the SCC further reserves the right to cancel/abort E-Auction Process at any stage without assigning any reason whatsoever, save and except as otherwise provided under Applicable Laws.

**Sd/-**
**Satish Kumar Gupta**
Liquidator of Jet Airways (India) Limited
IP Registration No: IBBI/IPA-001/IP-P00023/2016-17/10056
AFA No. - AA1/10056/02/311226/108454
AFA Valid till December 31, 2026
Address for Correspondence: 401-407, Sterling Centre, 4th Floor, Andheri Kurla Road, Chakala, Andheri East, Mumbai 400093
**Email – liquidation.jet@gmail.com**

**Date: 09.04.2026**
**Place: Mumbai**

# নির্বাচনের কাজে পথে নেই বাস, ভোগান্তিতে কমিশনকে দায়ী মালিক সংগঠনের

**গুয়াহাটি :** রাত পোহালে অসমে বিধানসভা নির্বাচন। আর সেই নির্বাচনের জন্য বাংলা থেকে ছোট গাড়ি ও বাস নিচ্ছে অসম সরকার। অসম পরিবহন দফতরের সচিব এই বিষয়ে রাজ্যের পরিবহন সচিব সৌমিত্র মোহনের সঙ্গে আলোচনা ভিত্তিতে গাড়ি নেওয়ার কথা জানিয়েছেন। ৯ এপ্রিল ভোটগ্রহণকে কেন্দ্র করে নির্বাচনের আগে, ভোটের দিন এবং পরবর্তী সময়ে পর্যাপ্ত যানবাহনের প্রয়োজনে গাড়ি অধিগ্রহণ করা হয়েছে। ফলে উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গ প্রায় দেড় হাজার যানবাহন পাঠানো হচ্ছে বলে পরিবহন দফতরের মাধ্যমে জানানো হয়েছে। একদিকে যেমন রাজ্যের এত বিপুল পরিমান বাস বাইরের রাজ্যে চলে যাওয়ায় পথে ভোগান্তি হচ্ছে নিত্যযাত্রীদের তেমন রাজ্যের নির্বাচনী কাজে হঠাৎ রাস্তা থেকে বাস তুলে নেওয়ার অভিযোগ করছেন মালিক সংগঠন। রী দুই মিলিয়ে রাস্তায় বাসের সংখ্যা কমে যাওয়ায় সমস্যার সম্মুখীন হচ্ছেন সাধারণ মানুষ।

পরিবহন দফতর সূত্রে জানা গিয়েছে, প্রথম দফায় প্রায় ২০০টি বাস কেন্দ্রীয় বাহিনীর জন্য নিয়েছে কমিশন। ৮ এপ্রিল থেকে এই বাসগুলো নেবে তারা। প্রথম দফার ভোট শেষ হয়ে যাওয়ার পরে দ্বিতীয় দফার ভোটের কাজের জন্য এই বাসগুলো চলে যাবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়। পাশাপাশি প্রথম দফার ২৩ এপ্রিল ভোটের জন্য ২১ এপ্রিল থেকে আরও ২০০টি বাস নেবে কমিশন। এই বাসগুলোকে ২৫ এপ্রিলের আগে পাওয়া যাবে না। ফলে এত বিপুল সংখ্যক যানবাহন বাইরে চলে যাওয়ায় কিছু এলাকায় যাত্রী পরিষেবায় সাময়িক প্রভাব পড়ার আশঙ্কা রয়েছে। পরিবহন দফতরের মতে, কলকাতা ও আশপাশের এলাকায় তেমন সমস্যা হবে না। কিন্তু দক্ষিণবঙ্গের কিছু জেলা, বিশেষ করে নদিয়ায় কিছুটা চাপ পড়তে পারে। একইভাবে উত্তরবঙ্গের জেলাগুলিতেও যাত্রী পরিষেবায় প্রভাব পড়ার সম্ভাবনা উড়িয়ে দেওয়া যাচ্ছে না। এই বিষয়ে বাস মিনিবাস সমন্বয় সমিতির তরফে রাহুল চট্টোপাধ্যায় জানিয়েছেন, কলকাতা ও সংলগ্ন শহরতলিতে তেমন প্রভাব পড়বে না। তবে দক্ষিণবঙ্গের কিছু জেলা, বিশেষ করে নদীয়ায় সাময়িক সমস্যা দেখা দিতে পারে। একই ভাবে উত্তরবঙ্গের চারটি জেলায় যাত্রী পরিষেবায় কিছুটা চাপ পড়ার আশঙ্কা রয়েছে বলেও মনে করা হচ্ছে। পুলিশি জুলুমে রাস্তা থেকে বাস তুলে নেওয়া হচ্ছে বলে অভিযোগ করেন। পুলিশ গাড়ি তুলে নিচ্ছে এই খবর আসতে থাকায় বহু বাস চালক গাড়ি চালাতে চাইছে না। ফলে গাড়ি তুলে নিলে ছাড়বে না এই সমস্যায় অনেকে গাড়ি দিচ্ছে না। গাড়ি নেওয়া হলেও পুলিশের পক্ষ থেকে সঠিক রেট দেওয়া হয় না বলে অভিযোগ করেছেন তিনি। একইসঙ্গে ভোটের কাজে ১০ শতাংশ বৃদ্ধিপ্রসঙ্গে তিনি বলেন, কমিশনের দেওয়া উপহার আমাদের কাছে কোনো সুরাহা নয়! যে পরিমান জ্বালানির দাম বৃদ্ধি হচ্ছে সেখানে এত স্বল্প মাত্রায় বৃদ্ধি করা হয়েছে তাতে মন্দের ভালো। অন্যান রাজ্যে যে পরিমান টাকা বরাদ্দ হয় এখানে তার থেকে অনেক কম টাকা বাড়ানো হয়েছে। রাস্তা থেকে বাস তুলে নেওয়ার প্রক্রিয়ায় পুলিশি তৎপরতার বিরোধীতা করে পরিবহন সচিবকে চিঠি দিয়েছেন সিটি সাবাবার্ন বাস সার্ভিসেস-এর সাধারণ সম্পাদক টিটো সাহা। এই বিষয়ে তিনি জানিয়েছেন, এর ফলে বহু রুটে বাস শূন্য হয়ে যাচ্ছে। প্রায় এক মাসের বেশি বাস নির্বাচন কাজে আটকে রাখার ফলে রাস্তায় পরিষেবা ব্যাহত হচ্ছে এবং ব্যবসা দুই ক্ষতি হচ্ছে। অনন্ত ৩০ থেকে ৪০ শতাংশ বাস চালু রাখার দাবি জানানো হয়েছে। কারণ ওই সংখ্যক বাস বাড়তি ট্রিপ করে সমস্যা শামাল দেবে। কলকাতায় ছোট রুটে চলার মতো সংক্ষিপ্ত উপযোগী বাসের ইঞ্জিন ক্ষমতা এবং জ্বালানির ট্যাঙ্ক ছোট। ফলে দীর্ঘ দূরত্বে জেলায় পাড়ি না দেওয়া ভালো। পরিবর্তে লাক্সারি বাস ব্যবহারের কথা বলা হয়েছে। একইসঙ্গে ভোটের কাজে কমিশন ১০ শতাংশ বৃদ্ধি করেছে। সেই নিয়ে সরব হয়েছেন তিনি। এটা মন্দের ভালো বলে অভিযোগ করেছেন। ওড়িশা কিংবা অন্য রাজ্য যে পরিমান অর্থ বরাদ্দ করে এখানে তা হয় না তাই এটা বৈশম্য।

মানুষের ভোগান্তির জন্য কমিশনকে দায়ী করলেন ওয়েস্ট বেঙ্গল বাস এন্ড মিনিবাস অনার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক প্রদীপ নারায়ণ বসু। তিনি জানান, একদিকে যেমন এসআইআর-এ কর্মীদের নাম বাদ দেওয়া অন্যদিকে রাস্তা থেকে বাস তুলে নেওয়ায় সমস্যায় পড়ছে মালিক সংগঠন। বাস প্রয়োজন সেটা রাস্তা থেকে হঠাৎ তুলে না নিয়ে আগে জানালে এটা সুবিধা হত। দু দফায় কমিশন নির্বাচন করানোয় এই সমস্যা তৈরী হল। উল্লেখ করলেন সাধারণ মানুষের ছোট গাড়ি গুলিকে কমিশন অধিগ্রহণ করছে ফলে ভোটের আগে থেকে চরম ভোগান্তি তৈরী হল। ১০ শতাংশ বৃদ্ধিতে বাস মালিকদের কোনো সুবিধা হয়নি বলে তিনি দাবি করলেন। ভোটের পর জ্বালানির দাম যেভাবে বাড়বে তাতে আমাদের দাবি ছিল ২৫ শতাংশ বৃদ্ধি হোক।

# মহিলাদের গৃহ সম্মান প্রদানে বাংলায় ইস্তেহার প্রকাশ কংগ্রেসের




**কলকাতা :** মঙ্গলবার সন্ধ্যায় কলকাতার একটি বিলাসবহুল হোটেলে পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেসের একগুচ্ছ নেতাকে নিয়ে ইস্তাহার প্রকাশ করেন তিনি। কংগ্রেসের এই ইস্তাহারে রয়েছে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যো পাধ্যায়ের প্রকল্পের ছোঁয়া। ২০২১ সালে ক্ষমতায় আসার পর 'লক্ষ্মীর ভান্ডার' প্রকল্পের সূচনা করেছিলেন মমতা। সেই প্রকল্পের ধাঁচেই কংগ্রেস ক্ষমতায় এলে 'দুর্গা সম্মান' প্রকল্প চালু করার কথা জানিয়েছে। এই প্রকল্পে রাজ্যের মহিলাদের মাসিক দু'হাজার টাকা দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। সর্বভারতীয় কংগ্রেসের সভাপতি মল্লিকার্জুন খড়্গে এদিন বললেন, ২০ বছর বাদে একক শক্তিতে পশ্চিমবঙ্গের বিধানসভা ভোটে লড়াই করছে কংগ্রেস। তিনি বলেন, তৃণমূলের সরকার এখানে ১৫ বছর ধরে চলছে। কিন্তু এখানে শিল্প, কর্মসংস্থান দরকার। বিজেপি এসব কথা বলে না। ওরা মেরুকরণের কথা বলে। কংগ্রেস বিকল্প নিয়ে আসছে। আমরা সরকারে এলে ১ বছরে শূন্য পদ পূরণ করব। রাজ্যের দুর্নীতি ইস্যু নিয়েও স্বভাববিরুদ্ধভাবে সরব হলেন খাড়্গে। তিনি বলেন, এখানে দুর্নীতির ছবি সামনে এসেছে। এক মন্ত্রীর ঘর থেকে ৫০ কোটি টাকা উদ্ধার হয়েছে। এবার বাংলাকে রুল অফ ল এর দিকে নিয়ে যেতে হবে।

# ভিভো নিয়ে এল নতুন ভি৭০ এফই





**কলকাতা:** ভিভো ভারতে নিয়ে এলো তাদের নতুন স্মার্টফোন ভি ৭০ এফই, যার প্রারম্ভিক মূল্য ৩৭,৯৯৯ টাকা। এই ডিভাইসে প্রথমবারের মতো ব্যবহার করা হয়েছে 'ডার্কনেস গ্লো' প্রযুক্তি, যা নর্দান লাইটস পার্পল ভেরিয়েন্টে পাওয়া যাবে। এটি অন্ধকারের মাঝেও ব্যাক প্যানেলে এক মায়াবী আভা তৈরি করবে। এছাড়া মনসুন ব্লু রঙের মার্জিত ডিজাইন গ্রাহকদের প্রিমিয়াম অভিজ্ঞতা দেবে।ফটোগ্রাফি প্রেমীদের জন্য এতে রয়েছে ২০০ মেগাপিক্সেল ওআইএস আল্ট্রা-ক্লিয়ার মেইন ক্যামেরা এবং উন্নত এআই ফটোগ্রাফি স্যুট।এই স্যুটে থাকা এআই ম্যাজিক ওয়েদার ও ইরেজ ৩.০-এর মতো ফিচারগুলো ছবিকে আরও জীবন্ত করে তুলবে। সেলফি তোলার জন্য সামনে রয়েছে ৫০ মেগাপিক্সেল আই এএফ ক্যামেরা। পারফরম্যান্সের দিক থেকে ফোনটি অত্যন্ত শক্তিশালী। এতে রয়েছে ৪ ন্যানোমিটারের মিডিয়াটেক ডাইমেনসিটি ৭৩৬০-টার্বো প্রসেসর এবং ১২০ হার্টজ রিফ্রেশ রেটের ১.৫কে ওএলইডি ডিসপ্লে। দীর্ঘক্ষণ ব্যবহারের নিশ্চয়তা দিতে যুক্ত করা হয়েছে ৭০০০ এমএএইচ বিশাল ব্যাটারি এবং ৯০ ওয়াট ফ্ল্যাশ চার্জিং সুবিধা। সফটওয়্যার হিসেবে এতে থাকছে অরিজিনওএস সিক্স, যা এআই ক্রিয়েশন ও ভিভো অফিস কিটের মাধ্যমে উৎপাদনশীলতা বাড়াবে। নিরাপত্তার জন্য রয়েছে ৬ বছরের সিকিউরিটি আপডেট এবং আইপি৬৮/আইপি৬৯ রেটিং। ৯ এপ্রিল থেকে এটি অনলাইন ও অফলাইন স্টোরগুলোতে পাওয়া যাবে। বিশেষ অফার হিসেবে শীর্ষস্থানীয় কিছু ব্যাংকের কার্ডে ১০ শতাংশ ক্যাশব্যাক পাওয়া যাবে। এছাড়া জিও-র পক্ষ থেকে ২ টেরাবাইট ক্লাউড স্টোরেজ সহ আকর্ষণীয় সুবিধাও থাকছে। স্মার্টফোনটির ৮১২৮ জিবি ভেরিয়েন্টের দাম রাখা হয়েছে ৩৭,৯৯৯ ভারতীয় টাকা, ৮২৫৬ জিবি ভেরিয়েন্টের মূল্য ৪০,৯৯৯ টাকা এবং ১২,২৫৬ জিবি ভেরিয়েন্টের দাম নির্ধারণ করা হয়েছে ৪৪,৯৯৯ টাকা (সব কর অন্তর্ভুক্ত)।

# 'অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং' বিষয়ক জাতীয় সম্মেলনে উৎপাদনের ভবিষ্যৎ নিয়ে আলোচনা





**কলকাতা :** কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি (সিআইআই) বুধবার কলকাতায় অনুষ্ঠিত তাদের 'অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং' বিষয়ক জাতীয় সম্মেলনে উৎপাদনের ভবিষ্যতের উপর আলোকপাত করল। এই সম্মেলনে শিল্পপতি এবং নীতিনির্ধারকরা একত্রিত হয়ে আলোচনা করেন যে, ভারত কীভাবে উৎপাদন বাড়াতে পারে, ইন্ডাস্ট্রি ৪.০ প্রযুক্তি গ্রহণ করতে পারে এবং বিশ্বব্যাপী মূল্য শৃঙ্খলে নিজের অবস্থানকে আরও শক্তিশালী করতে পারে। এদিন উপস্থিত ছিলেন ডঃ রঙ্গরাজন শেষাদ্রি, ভিপি, স্ট্র্যাটেজিক রিলেশনশিপস, আতি মোটরস, বিক্রান্ত দেওরাস, চিফ ডিজিটাল অ্যান্ড ইনফরমেশন অফিসার, টাটা কেমিক্যালস লিমিটেড, দিলীপ সাহনি, চেয়ারম্যান, সিআইআই ন্যাশনাল কমিটি অন স্মার্ট ম্যানুফ্যাকচারিং এবং ম্যানেজিং ডিরেক্টর, রকওয়েল অটোমেশন ইন্ডিয়া, সুতীর্থ ভট্টাচার্য, চেয়ারম্যান, ওয়েবেল, পশ্চিমবঙ্গ সরকার, বিবেক ভাটিয়া, চেয়ারম্যান, সিআইআই মাইনিং অ্যান্ড কনস্ট্রাকশন ইকুইপমেন্ট ডিভিশন (এমসিইডি) এবং ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার, টিকেইএল ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড, নীলেশ কৌল, ম্যানেজিং ডিরেক্টর, পিসিবিএল কেমিক্যাল লিমিটেড, এবং ডঃ সৌগত মুখার্জি, প্রিন্সিপাল অ্যাডভাইজার, সিআইআই।

# আধুনিক ভারতীয় নারীর জন্য প্রাকৃতিক রত্নের গয়নাকে নতুনভাবে সংজ্ঞায়িত করে তানিশক নিয়ে এল 'হিউস'




**শিলিগুড়ি/ দুর্গাপুর:** অক্ষয় তৃতীয়ার মতো শুভ উৎসবকে সামনে রেখে, টাটা গোষ্ঠীর অন্তর্গত এবং ভারতের শীর্ষস্থানীয় জুয়েলারি ব্র্যান্ড তনিশ্‌ক্ এবার প্রাকৃতিক রত্নের গয়নার দিকে নজর দিচ্ছে;যার প্রতি দেশের গ্রাহকদের ক্রমশ আগ্রহ বাড়ছে। ১০০ শতাংশ প্রাকৃতিক রত্নের বাছাই করা সংগ্রহকে কেন্দ্র করে এই পদক্ষেপটি তনিশ্‌ক্-এর সেই লক্ষ্যকেই তুলে ধরে, যেখানে স্বকীয়তা এবং ডিজাইন-নির্ভর নান্দনিকতাকে গুরুত্ব দিয়ে একটি আলাদা জায়গা তৈরি করার চেষ্টা করা হচ্ছে। একই সঙ্গে এই বিভাগে 'হিউস' নামে তাদের নতুন কালেকশনও লঞ্চ করা হয়েছে। আধুনিক নারীরা এখন এমন গয়না খুঁজছেন, যা তাঁদের ব্যক্তিত্বকে আলাদা করে তুলে ধরে;যেখানে রয়েছে স্বাতন্ত্র্য, নিজস্বতা এবং আধুনিক অথচ পরিশীলিত আবেদন। এই পরিবর্তিত চাহিদার সঙ্গেই তাল মিলিয়ে তনিশ্‌ক্ প্রাকৃতিক রত্নের গয়নার ব্যবহার নতুনভাবে সংজ্ঞায়িত করছে, যা প্রতিদিনের পরিধান থেকে শুরু করে বিশেষ মুহূর্ত;দুক্ষেত্রেই সমানভাবে মানানসই।'হিউস' কালেকশনের অনুপ্রেরণা এসেছে ভারতীয় গ্রীষ্মের রঙ, আবহ আর তার স্বাভাবিক ঔজ্জ্বল্য থেকে;যা এখানে নতুনভাবে ধরা পড়েছে ভাস্কর্যধর্মী ডিজাইন ও আধুনিক, বোল্ড অভিব্যক্তিতে। প্রতিটি ডিজাইনের কেন্দ্রে রয়েছে রত্নটি;যার স্বাভাবিক উজ্জ্বলতা ও গভীরতাকে আরও ফুটিয়ে তুলতে কনট্যুর, স্ট্রাকচার এবং সিলুয়েট অত্যন্ত যত্নের সঙ্গে নির্মাণ করা হয়েছে। এই রেঞ্জে বিভিন্ন কাটের অনন্য সমাহার দেখা যায়; ক্লাসিক মারকুইস কাট থেকে শুরু করে সূক্ষ্ম তাবিজ কাট এবং মসৃণ ক্যাবোশন ফিনিশড স্টোন; প্রতিটি নিজস্ব চরিত্র ও দীপ্তি নিয়ে হাজির। ক্যাবোশন কাট স্টোনের ব্যবহার গয়নায় এনে দেয় এক ধরনের ভাস্কর্যসুলভ, উজ্জ্বল গুণ, আর লেয়ার্ড কালার কম্পোজিশন, 'বাঞ্চিং' ও 'স্লাইসিং'-এর মতো কৌশল যোগ করে গভীরতা, টেক্সচার এবং গতিশীলতা; ফলে এই গয়নাগুলি হয়ে ওঠে প্রাণবন্ত, অভিব্যক্তিপূর্ণ এবং স্বতন্ত্রভাবে আধুনিক। ১৮ ক্যারেট সোনায় তৈরি 'হিউস' এই অক্ষয় তৃতীয়ায় সোনার গয়নার ধারণাকেই নতুনভাবে সংজ্ঞায়িত করছে;যেখানে এটি আর শুধু বিনিয়োগের মধ্যে সীমাবদ্ধ নয়, বরং হয়ে উঠেছে নিজেকে প্রকাশ করার এক অভিব্যক্তি। বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে যত্ন সহকারে সংগ্রহ করা প্রাকৃতিক রঙিন রত্ন; যেমন এমেরাল্ড, অ্যামেথিস্ট, সিট্রিন, টুরমালিন এবং টানজানাইট;এই কালেকশনকে করে তুলেছে বৈচিত্র্যময় ও বিশেষ। প্রতিটি রত্নই ১০০ শতাংশ প্রাকৃতিক এবং তার রং, স্বচ্ছতা ও নিজস্ব চরিত্রের ভিত্তিতে কঠোর মানদণ্ডে বেছে নেওয়া হয়েছে। স্বচ্ছ মূল্য নির্ধারণ, আজীবন রক্ষণাবেক্ষণ এবং ১০০ শতাংশ এক্সচেঞ্জ ভ্যালুর মতো সুবিধার সঙ্গে প্রতিটি গয়না শুধু সৌন্দর্যের নয়, বরং দীর্ঘস্থায়ী মূল্য ও বিশ্বাসযোগ্যতারও প্রতিফলন;যা ভারতের প্রাকৃতিক রত্নের গয়নার এই ক্রমবর্ধমান বিভাগে নতুন করে আস্থা ও গ্রহণযোগ্যতা তৈরি করছে।এই ক্যাম্পেনের কেন্দ্রে রয়েছেন তৃপ্তি দিমরি, যিনি 'হিউস'-এর মূল ভাবনাকে জীবন্ত করে তুলেছেন। এখানে রঙকে তুলে ধরা হয়েছে আত্মপ্রকাশের এক শক্তিশালী মাধ্যম হিসেবে;যেখানে গয়না হয়ে ওঠে একজন নারীর মনের অনুভূতি, ব্যক্তিত্ব এবং পরিবর্তিত স্টাইলের এক স্বাভাবিক বিস্তার। ক্যাম্পেনের মুখ হিসেবে তৃপ্তি 'হিউস'-এর সেই সত্তাকেই ধারণ করেন;সহজাত সৌন্দর্য আর আধুনিকতার এক মেলবন্ধন, যেখানে ব্যক্তিত্বের স্বকীয়তা মিশে যায় চিরন্তন আভিজাত্যের সঙ্গে। দৃষ্টিনন্দন ভিজ্যুয়ালের মাধ্যমে এই ক্যাম্পেন রঙ, আকার এবং অনুভূতির এক নিখুঁত সমন্বয় তুলে ধরে;যেখানে 'হিউস' হয়ে ওঠে আধুনিক ভারতীয় নারীর প্রতিচ্ছবি;শিকড়ে দৃঢ়, উজ্জ্বল এবং নিজের অভিব্যক্তিতে নির্ভীক। সূচনা প্রসঙ্গে পেলকি শেরিং, চিফ মার্কেটিং অফিসার, টাইটান কোম্পানি লিমিটেড বলেন, তআধুনিক ভারতীয় নারী যেভাবে প্রাকৃতিক রত্নের গয়না অনুভব করেন, সেটিকে নতুনভাবে সংজ্ঞায়িত করতে পেরে আমরা ভীষণ উৎসাহিত। এমন এক সময়ে, যখন গয়না হয়ে উঠছে নিজের পরিচয় প্রকাশের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম, তখন রত্ন;তার রঙের উজ্জ্বলতা এবং স্বাভাবিক স্বকীয়তার কারণে;আকর্ষণ তৈরি করে এবং নতুন কিছু অন্বেষণের অনুপ্রেরণা দেয়। আমাদের প্রথম কালেকশনটি তৈরি হয়েছে এথনো-কনটেম্পোরারি ভাবনায়, যার অনুপ্রেরণা ভারতীয় গ্রীষ্মের রঙ ও প্রবাহ থেকে। এখানে রঙকে তুলে ধরা হয়েছে সাহসী অথচ পরিশীলিত আকারে;যা আজকের নারীর গয়না পরিধানের ধরনকেই প্রতিফলিত করে। তৃপ্তি এই ভাবনাটিকে প্রাণবন্ত করে তুলেছেন তাঁর সহজাত আধুনিকতা দিয়ে;যেখানে তিনি যেমন শিকড়ে দৃঢ়, তেমনই নিজের স্বাতন্ত্র্যে অনন্য;ঠিক সেই নারীর মতো, যার কথা ভেবেই আমরা এই গয়না ডিজাইন করি। এই প্রসঙ্গে গরিমা মহেশ্বরী, হেড অব ডিজাইন, তানিশক বলেন, ত 'হিউস'-এর মাধ্যমে আমরা সাম্প্রতিক সময়ে ভারতের প্রাকৃতিক রত্নের গয়নায় অন্যতম বৃহৎ এবং ডিজাইন-নির্ভর এক কালেকশন গড়ে তোলার লক্ষ্য নিয়েছিলাম। এই রেঞ্জের অনুপ্রেরণা এসেছে ভারতীয় গ্রীষ্মের বৈচিত্র্য থেকে;তার সবুজে ভরা প্রাকৃতিক দৃশ্য এবং উজ্জ্বল রঙ;যা আমরা ভাস্কর্যধর্মী সিলুয়েট এবং প্রবাহমান কম্পোজিশনের মাধ্যমে গয়নায় রূপ দিয়েছি। এই ভাবনার কেন্দ্রে রয়েছে প্রাকৃতিক রত্নকে একটি ডিজাইন-নির্ভর বিভাগ হিসেবে দেখা;যেখানে রত্নটি শুধুমাত্র অলঙ্করণ নয়, বরং ডিজাইনের সূচনাবিন্দু। এই লক্ষ্য পূরণ করতে আমাদের যেতে হয়েছে অত্যন্ত সূক্ষ্ম এক প্রক্রিয়ার মধ্য দিয়ে;যার মধ্যে ছিল রত্নের ক্যালিব্রেশন এবং কাস্টম কাট ডেভেলপমেন্ট, যাতে প্রতিটি গয়নায় রঙ, অনুপাত এবং সামঞ্জস্য বজায় থাকে নিখুঁতভাবে। এর ফলস্বরূপ যে কালেকশনটি তৈরি হয়েছে, তা একদিকে যেমন অভিব্যক্তিপূর্ণ, তেমনই সমসাময়িক; এবং আধুনিক ভারতীয় ডিজাইন সম্পর্কে একটি স্পষ্ট ও দৃঢ় দৃষ্টিভঙ্গির প্রতিফলন।দ এই উপলক্ষে তৃপ্তি দিমরি বলেন, ততনিশ্‌ক্-এর এই কালেকশন ও ক্যাম্পেন;দুটোর মধ্যেই আমাকে সবচেয়ে বেশি আকর্ষণ করে, রঙের মাধ্যমে আত্মপ্রকাশের ভাবনাটিকে এত স্বাভাবিকভাবে তুলে ধরা। এই ফিল্মটি সেই সহজ, অন্তর্নিহিত অনুভূতিটিকেই ধারণ করে;যখন আমরা নিজের মনের সঙ্গে মিল রেখে কিছু বেছে নিই, আর সেই নির্বাচনই আমাদের চারপাশের অনুভবকে এক নতুন মাত্রা দেয়। তনিশ্‌ক্-এর 'হিউস'-এর সঙ্গে গয়না আর কেবল কোনও বিশেষ উপলক্ষের মধ্যেই সীমাবদ্ধ থাকে না; বরং তা হয়ে ওঠে মুহূর্তের অনুভূতিকে নিজের মতো করে প্রকাশ করার এক ব্যক্তিগত ভাষা।দ ৩০,০০০ টাকা থেকে শুরু হওয়া এই রেঞ্জে রয়েছে এমন এক কালেকশন, যা বিশেষ উপলক্ষ এবং প্রতিদিনের পরিধানের জন্য;উভয় ক্ষেত্রেই সামঞ্জস্যপূর্ণ। অক্ষয় তৃতীয়া উপলক্ষে তনিশ্‌ক্ নিয়ে এসেছে বিশেষ উৎসবের অফার;যেখানে গোল্ড জুয়েলারির মেকিং চার্জ ও ডায়মন্ড ভ্যালুতে পাওয়া যাচ্ছে সর্বোচ্চ ২০ শতাংশ পর্যন্ত ছাড় মিলবে পাশাপাশি গোল্ড জুয়েলারি কেনাকাটায় প্রতি গ্রামে ফ্ল্যাট ২০১ টাকা পর্যন্ত ছাড় পাওয়া যাবে।

# বক্তাদের এক তারকাখচিত তালিকা এবং এক আকর্ষণীয় কর্মসূচির ঘোষণা




**শিলিগুড়ি:** পূর্ব হিমালয় অঞ্চলে সংস্কৃতি, সৃজনশীলতা এবং মতবিনিময়ের উদযাপনকে কেন্দ্র করে গড়ে ওঠা নিজস্ব দৃষ্টিভঙ্গির ধারাবাহিকতায়, 'সিকিম শিল্প ও সাহিত্য উৎসব ২০২৬';যা মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং (গোলে)-এর একটি উদ্যোগ এবং সিকিম সরকারের শিক্ষা দপ্তরের অধীনস্থ 'ছাত্র কল্যাণ পর্ষদ' ও আইকনিক 'জয়পুর সাহিত্য উৎসব'-এর প্রযোজক সংস্থা 'টিমওয়ার্ক আর্টস'-এর যৌথ উপস্থাপনা-আজ এক সুচিন্তিত ও নিপুণভাবে সাজানো কর্মসূচির মাধ্যমে প্রখ্যাত লেখক, চিন্তাবিদ এবং শিল্পীদের এক প্রাণবন্ত তালিকা উন্মোচন করেছে। উৎসবের এই দ্বিতীয় সংস্করণে, আয়োজকদের লক্ষ্য হল ভারত এবং বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে আগত শীর্ষস্থানীয় সাহিত্যিক ব্যক্তিত্ব ও সাংস্কৃতিক চর্চাকারীদের এক ছাদের নিচে সমবেত করা। এর মধ্য দিয়ে দর্শকদের সামনে তুলে ধরা হবে বিচিত্র সব ধারণা, গল্প এবং দৃষ্টিভঙ্গির এক সমৃদ্ধ সম্ভার। এই উৎসবটি ২৬ থেকে ২৮ এপ্রিল পর্যন্ত সিকিমের গ্যাংটকে অবস্থিত 'দ্য রিজ পার্ক'-এ অনুষ্ঠিত হবে।এই উৎসবে অংশগ্রহণকারী বিশিষ্ট বক্তাদের মধ্যে রয়েছেন সাহিত্য আকাদেমি পুরস্কার বিজয়ী লেখিকা মামাং দাই, লেখিকা এবং 'জয়পুর সাহিত্য উৎসব'-এর সহ-প্রতিষ্ঠাতা ও সহ-পরিচালক নমিতা গোখলে, কবি ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব শঙ্কর দেও ধকাল, প্রখ্যাত কবি ও সাহিত্য সমালোচক রঞ্জিত হোসকোট, ভারতীয় নেপালি ভাষার লেখক চুডেন কাবিমো, বিশিষ্ট কবি রবিন এস. এনগ্যাংগম এবং প্রখ্যাত ইতিহাসবিদ, লেখক ও 'জয়পুর সাহিত্য উৎসব'-এর সহ- প্রতিষ্ঠাতা ও সহ-পরিচালক উইলিয়াম ডালরিম্পল। তাদের সঙ্গে যোগ দেবেন এক বিচিত্র ও বৈচিত্র্যময় বক্তা ও অতিথিবৃন্দ, যাদের মধ্যে রয়েছেন অখিলেশ উপাধ্যায়, অমৃতা ত্রিপাঠী, অনির্বাণ ভট্টাচার্য, অনুরাধা শর্মা, অনুরাগ বসনেত, অরুন্ধতী নাথ, বারসালি ভট্টাচার্য, বিষ্ণুপ্রিয়া দত্ত, ভীম রাওয়াত, ক্যারিসা নিমাহ, চার্মি ছেদা, চেতন রাজ শ্রেষ্ঠ, দাশো দর্জি থ্রাদুল ও অন্যান্যরা।

**এন জি ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
CIN: L74140WB1994PLC065937
GSTIN: 19AABCN6332QIZX
ফোন: ০৩৩ ২৪১৯ ৭৫৪২, +৯১ ৮০১৭৫ ২০০৪০, +৯১ ৮৩৩৫৮ ২০০৪০
email: ngmail@ngil.co.in; website: www.ngind.com
দ্বিতীয় তল, ৩৭এ সাউদার্ন এভিনিউ, কলকাতা-৭০০০২৯
(পরিবর্তিত নাম: ড. মেঘনাদ সাহা সরণী)

**বাস্তবিক শেয়ারের হস্তান্তর আবেদনের পুনঃদাখিলের স্পেশাল উইন্ডো**

সেবি সার্কুলার নং SEBI/HO/38/13/11(2)2026-MIRSD-POD/I/3750/2026, তারিখ ৩০শে জানুয়ারী, ২০২৬ অনুসারে, শেয়ারহোল্ডারদের জানানো হচ্ছে যে, স্পেশাল উইন্ডো পুনরায় খোলা হয়েছে হস্তান্তর দলিলের পুনঃদাখিলের জন্য যা দাখিল করা হয়েছিল ১লা এপ্রিল, ২০১৯-এর পূর্বে যা উপযুক্ত প্রমাণের ঘাটতি/প্রক্রিয়াকরণ অথবা অন্য কিছুতে যেগুলি বাতিল/ফেরৎ/অনুপস্থিতির জন্য একটি স্পেশাল উইন্ডো পুনরায় খোলা হয়েছে।
পুনরায় দাখিল করার এই সুবিধাটি ৫ই ফেব্রুয়ারি, ২০২৬ থেকে ৪ঠা ফেব্রুয়ারি, ২০২৭ পর্যন্ত উপলব্ধ থাকবে।
শেয়ারহোল্ডারদের অনুরোধ করা হচ্ছে যে, পূর্বে চিহ্নিত ত্রুটি সংশোধন করার পর, এই ধরনের কোনো মামলা, যদি থাকে, তা কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার হস্তান্তর এজেন্টের কাছে, সর্বশেষ ৪ঠা ফেব্রুয়ারি, ২০২৭-এর মধ্যে নিম্নলিখিত ঠিকানায় পুনরায় দাখিল করুন:
এস. কে. ইনফোসলিউশনস প্রাইভেট লিমিটেড, ডি/৪২, কাটজুনগর কলোনি, কলকাতা ৭০০০৩২ ফোন: ০৩৩-২৪১২০০২৭/২৯, ইমেল: skcdilip@gmail.com

বোর্ডের আদেশানুসারে
স্বাঃ/-
ব্রততী ভট্টাচার্য্য
কোম্পানি সেক্রেটারি
স্থান: কলকাতা
তারিখ: ০৯.০৪.২০২৬

**ফর্ম নং আইএনসি-২৬**
সংবাদপত্রে প্রকাশের জন্য বিজ্ঞাপন
[কোম্পানি (নিগমন) বিধিমালা, ২০১৪-এর ৩০ নং বিধি অনুসারে]
বিজ্ঞপ্তি
**কেন্দ্রীয় সরকার, আঞ্চলিক পরিচালক, কর্পোরেট বিষয়ক মন্ত্রক, পূর্বাঞ্চল, কলকাতা-এর সমীপে**
কোম্পানি আইন, ২০১৩: ধারা ১৩(৪) প্রসঙ্গে;
-এবং-
কোম্পানি (নিগমন) বিধিমালা, ২০১৪-এর বিধি ৩০(৫)(ক)-এর বিষয় সম্পর্কিত
-এবং-
**দিগ্বিজয় ফেরোমেট প্রাইভেট লিমিটেড** (CIN: U27101WB2010PTC145572)-এর বিষয় সম্পর্কিত, যা কোম্পানি আইন, ১৯৫৬-এর অধীনে নিবন্ধিত একটি কোম্পানি এবং যার নিবন্ধিত কার্যালয় রুম নং ৪০২, ৫ম তল, ডায়মন্ড প্রেস্টিজ ৪১এ, এ. জে. সি. বোস রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০১৭-এ অবস্থিত .....**আবেদনকারী/দরখাস্তকারী**

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, কোম্পানিটি ০৬ই এপ্রিল, ২০২৬ তারিখে অনুষ্ঠিত অনন্য সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাব অনুসারে কোম্পানির মেমোরেন্ডাম অফ অ্যাসোসিয়েশন পরিবর্তনের অনুমোদন চেয়ে কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ১৩ অনুসারে আঞ্চলিক পরিচালকের কাছে আবেদন করার প্রস্তাব করছে। কোম্পানি তার নিবন্ধিত কার্যালয় **"পশ্চিমবঙ্গ রাজ্য"** থেকে **"ঝাড়খণ্ড রাজ্যে"**-এ পরিবর্তন করতে চায়।
কোম্পানির নিবন্ধিত কার্যালয়ের এই প্রস্তাবিত পরিবর্তনের ফলে যে কোনো ব্যক্তির স্বার্থ প্রভাবিত হওয়ার সম্ভাবনা থাকলে, তিনি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৪ দিনের মধ্যে হয় এমসিএ পোর্টালে (www.mca.gov.in) বিনিয়োগকারী অভিযোগ ফর্ম দাখিল করে অথবা তার স্বার্থের প্রকৃতি এবং আপত্তির কারণ উল্লেখ করে একটি হলফনামা সহ তার আপত্তিসমূহ রেজিস্টার্ড ডাকযোগে **আঞ্চলিক পরিচালক, পূর্বাঞ্চল, কর্পোরেট ভবন, ৭ম তল, প্লট নং IIIF/16, AA-IIIF, রাজারহাট, নিউ টাউন, অখণ্ডকেশরী, কলকাতা-৭০০১৩৫** এই ঠিকানায় পৌঁছে দিতে পারেন অথবা পাঠানোর ব্যবস্থা করতে পারেন। এর একটি অনুলিপি আবেদনকারী কোম্পানির উপরে উল্লিখিত ঠিকানায় তার নিবন্ধিত কার্যালয়ে পাঠাতে হবে।

আবেদনকারীর পক্ষে
দিগ্বিজয় ফেরোমেট প্রাইভেট লিমিটেড-এর পক্ষে
স্বাঃ/-
পরিচালক
[রাকেশ কুমার সিং]
ডিআইএন নং: ০৫২৯৬৯৩০
স্থান: কলকাতা
তারিখ: ০৮ এপ্রিল, ২০২৬

## শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন
### নাম পরিবর্তন / CHANGE OF NAME

**NOTICE**
This is to notify that the Original Sale Deed dated 17-03-2003. duly registered at **ARA-II, Kolkata,** recorded in **Book No: 1, Volume No: 1, Pages: 01 to 12, Being No: 08222** for the year 2003 has been lost by my client **SMT. LATA DARYANANI** wife of late Hiranand Sitaldas Daryanani @ Hiranand S Daryanani, in respect of her inherited property i.e., **ALL THAT PIECE AND PARCEL** OF one residential Flat NO: 8-1, on the eighth floor, measuring super built up area of about 1257 Sq. Ft. with a Servant Quarter and One Car Parking in the basement of a building named **"KAILASH"** under **"Nataraj Co operative Housing Society"** situated at KMC Ward No: 63. Premises No: A/35/1/81, Chowringhee Road (mailing address 35/1, Jawaharlal Nehru Road, Kolkata- 700071), P.S. - Shakespeare Sarani. The said property is mutated with KMC under **Assessee No: 14-063-10-0064-2** in the name of my client Lata Daryanani who has also made a General Diary at Shakespeare Sarani Police Station vide diary No: 1758 dated 28-03-2026. In case any information or any objection or claim in respect of the aforesaid lost Sale Deed, please do raise such objection or claim in writing along with documentary proof within 15 (Fifteen) days hereof and thereafter at my office mentioned hereunder.
**After 15 (Fifteen) of publication of this notice no such objections or claims shall be entertained.**
Sd/-
**PULAK BASU, Advocate, High Court, Calcutta.**
**Enrollment No: F/913/1265/2002**
**Chamber Address:**
**6, Old Post Office Street, "Temple Chamber", B N Basu, 2nd Floor. Kolkata-700001**
**Mobile No: 8617374094, EMAIL: advpulakbasu@gmail.com.**

**I, SMT. SUPARNA ROY SARKAR,** W/o Amrita Roy, residing at Vill. & P.O.- Rautari, P.S.- Chakdaha, Dist.- Nadia, Pin- 741248, W.B., declare that, in my WBBSE year of 2004, Certificate NO.- B1-272/B5206-0064, my father's name has been written as Bablu Sarkar and in my father's 2002 Voter List 128-Bijpur Constituted, Part No.- 145, my father's name has been recorded as Baul Sarkar, S/o Jiban Sarkar (Epic Card being no. WB/19/128/417076) instead of his actual name Babul Sarkar, S/o Lt. Jiban Sarkar. I have changed my name from Suparna Sarkar, D/o Babul Sarkar to Suparna Roy Sarkar, W/o Amrita Roy and henceforth I shall be known as Suparna Roy Sarkar as declared by the affidavit 11103 in the Court of Ld. Judicial Magistrate (1st Class) at Alipore, Kolkata on 08.04.2026. My father, Babul Sarkar, Bablu Sarkar and Baul Sarkar, S/o Lt. Jiban Sarkar is the same and one identical person and Suparna Roy Sarkar, W/o Amrita Roy and Suparna Sarkar, D/o Babul Sarkar is the same and one identical person.

**I, Suresh Kandoi (Old name),** S/o Late Kamla Prasad Kandoi, R/o 17/1F, Alipore Road, Kandoi Park, P.O.- Alipore, P.S.- Alipore, Dist.- Kolkata, Pin- 700027, W.B., have changed my name and shall henceforth be known as Suresh Kumar Kandoi (New name) as declared by the affidavit on dated 07.04.2026 before the Notary Public at Kolkata, Suresh Kandoi (Old name) and Suresh Kumar Kandoi (New name) both are same and one identical person.

**I, Krishna Majumdar, Krishna Majumder, Krishnapada Majumder (Old Name)** S/o. Late Abanimohan Majumdar residing at Matuyadham, Mondalpara, 24 Pgs. (N), Pin-743245 have changed my name and shall henceforth be known as Krishna Pada Majumder (New Name) as declared before the Notary Public, Kolkata vide affidavit dated 08.04.2026. Krishna Majumdar, Krishna Majumder, Krishnapada Majumder (Old Name) and Krishna Pada Majumder (New Name) both are the same and identical person.

**I, Kamalika Chakraborty Bhattacharjee (Old Name)** D/o. Kali Narayan Bhattacharjee residing at Kamar Para Road, Patuliya, Ruiya(ct), Titagarh, 24 Pgs. (N), West Bengal-700119 have changed my name and shall henceforth be known as Kamalika Bhattacharjee (New Name) as declared before the Ld. 1st Class Judicial Magistrate at Kolkata vide affidavit no. 12926 dated 08.04.2026. Kamalika Chakraborty Bhattacharjee (Old Name) and Kamalika Bhattacharjee (New Name) both are the same and identical person.

**I, Rakesh Sarkar** S/o. Arup Sarkar R/o. Vill.- Uttar Gardaha, P.O. & P.S.- Haroa, Dist.- 24 Pgs. (S) that my father who previously known as Arun Kumar Sarkar (Old Name) which is recorded in Land Deed vide no. 5874/1980 has changed his name and shall henceforth be known as Arup Sarkar (New Name) as declared before the Ld. 1st Class Judicial Magistrate at Basirhat, 24 Pgs. (N) vide affidavit no. 5743 dated 28-01-2026. My father Arun Kumar Sarkar (Old Name) and Arup Sarkar (New Name) both are the same and identical person.

**I, Aabbasi Maha Aauliya** S/o. Samasul Haq (Old Name) residing at Vill.- Narendrapur, P.O. - Munshirhat, Dist.- Howrah, Pin- 711410, W.B. have changed my name and shall henceforth be known as Md Aulia Abbasi S/o. Samsul Hoque Abbasi (New Name) as declared before the Ld. 1st Class Judicial Magistrate, Howrah vide affidavit dated 07.04.2026. Md Aulia Abbasi S/o. Samsul Hoque Abbasi (New Name) and Aabbasi Maha Aauliya S/o. Samasul Haq (Old Name) both are the same and identical person.

**I, Safinara Khatun** W/o. Habibullah Mondal R/o. Vill.- Sibnagar, P.O.- Sibnagar Laskarpur, P.S.- Domkal, Dist.- Murshidabad, W.B. that my actual name is Safinara Khatun which is recorded in my EPIC Card No. ZQN2487726, Aadhaar Card No. 9766 7494 8309 and Pan Card No. FQEPK6906G but in the Electoral Roll of 60- Domkal Assembly Constituency, Year-2002, Part No.- 102, SL No. 464 and EPIC Card No. WB/09/060/303315 where my and my husband's name is recorded as Bina Bibi W/o. Habibullah Mondal. I declare that Safinara Khatun and Bina Bibi is same and one identical person by virtue of an affidavit no. 18258 sworn before the Ld. S.D.E.M. at Domkal, Dist.- Murshidabad on 18.03.2026.

**I, Sahin Mondal** S/o. Imraj Hossen R/o. Vill.- Nowdapara, P.O.- Kaliganj, P.S.- Jalangi, Dist.- Murshidabad, W.B. that my and my father's actual name is Sahin Mondal S/o. Imraj Hossen which is recorded in my EPIC Card No. RVD1694140, Aadhaar Card No. 8024 1200 9849 and my father's actual name is Imraj Hossen which is recorded in his EPIC Card No. WB/09/059/184082 but in the Electoral Roll of 59- Jalangi Assembly Constituency, Year 2002, Part No.- 64, SL No. 87 and my father EPIC Card No. WB/09/059/189082 where my father's name is recorded as Imraj Ali Mondal. I declare that my father Imraj Hossen and Imraj Ali Mondal is same and one identical person by virtue of an affidavit no. 18230 sworn before the Ld. S.D.E.M. at Domkal, Dist.- Murshidabad on 18.03.2026.

**I, RAJNI JAIN (Old Name)** W/O Dipak Jain R/O Millenum Building 374/2A NSC Bose Road Kolkata 700047 hereby declare that my name been wrongly recorded as RAJNI JAIN in my daughter Passport Being no V2545744 . Henceforth be known as RAJNI POPLI JAIN (New Name) as sworn before the Ld 1st Class Judicial Magistrate At Alipore vide affidavit no 11191 on 8/04/2026 that RAJNI JAIN AND RAJNI POPLI JAIN is the same one identical person.

I, **Mahuroz Parveen**, W/o Md Fahim, R/o 32/3, Mahendra Roy Lane, Kolkata-700046; P.S.-Topsia, would henceforth be known As Mahroz Parveen by Virtue of Affidavit sworn before the Notary Public at Kolkata on 07.04.2026.

**I, SADDAM SK. & SADDAM SEKH (OLD NAMES),** SON OF LATE KACHILAL MOLLAH, RESIDING AT VILLAGE.-GARHMONIYA , PO.-MANIKPUR, PS.-SANKRAIL, DIST.-HOWRAH, PIN-711309WB HAVE CHANGE MY NAME AND SHALL HENCEFORTH BE KNOWN AS SADDAM MOLLAH (NEW NAME) AS DECLARED BEFORE THE 1ST CLASS JUDICIAL MAGISTRATE FROM HOWRAH COURT BEING AFFIDAVIT NO.X97 DATED 24.01.2020. SADDAM SK ,SADDAM SEKH (OLD NAMES) AND SADDAM MOLLAH (NEW NAME) BOTH ARE SAME AND IDENTICAL PERSON.

**I, RUMISA SK. (OLD NAME)** WHICH IS RECORDED 2002 VOTER LIST, WIFE OF AZAD MOLLAH, RESIDING AT VILLAGE.-SANKRAIL, MANIKPUR, DELTAMIL, PS.-SANKRAIL, DIST.-HOWRAH, PIN-711309 WB HAVE CHANGE MY NAME AND SHALL HENCEFORTH BE KNOWN AS MANJURA BEGAM (NEW NAME) AS DECLARED BEFORE THE 1ST CLASS JUDICIAL MAGISTRATE FROM ALIPORE COURT BEING AFFIDAVIT NO.2787 DATED 02.04.2026. RUMISA SK.(OLD NAME) AND MANJURA BAGAM (NEW NAME) BOTH ARE SAME AND IDENTICAL PERSON.

**I, HALIMA BIBI,** W/o Asadul Furki, D/o Nur Mahammad Molla, residing at Vill.-Raypur, P.O.- Arkhali Amdanga, P.S.- Amdanga, Dist.- North 24 Parganas, Pin- 743221, declare that, in my Birth Certificate having Registration No. 2336, dt. 31.12.1993, my name has been recorded as HALIMA instead of HALIMA BIBI, my father's name has been recorded as NURMAHAMMAD instead of NUR MAHAMMAD MOLLA and my mother's has been recorded as ASEMA BIBI in place of ACHAMA BIBI. In my School Certificate, my name has been recorded as HALIMA KHATUN and my father's name has been recorded as MD NUR MOHAMMAD. In my PAN Card being no. DFQPB8732C, my father's name has been recorded as MOHAMMED NURMOHAMMAD MOLLA. As per affidavit vide Sl. No. 10007 in the Court of Ld. Judicial Magistrate (1 st Class) at Barasat, Dist.- North 24 Parganas on 07.04.2026, I, HALIMA BIBI, HALIMA and HALIMA KHATUN is the same and one identical person, my father, NUR MAHAMMAD MOLLA, NURMAHAMMAD, MD NUR MOHAMMAD and MOHAMMED NURMOHAMMAD MOLLA is the same and one identical person and my mother, ACHAMA BIBI and ASEMA BIBI is the same and one identical person.

**I, SAPNA KUMARI (Old name),** W/o Ankit Sharma, D/o Anjay Kumar Sharma, residing at 69, Sailendhar Road Liluah, Dist.- Howrah- 711204, have changed my name and shall henceforth be known as SAPNA SHARMA (New name) as declared by the affidavit vide no. 3716 dated 24.03.2026 in the Court of Ld. Executive Magistrate, 1 st Class at Howrah, SAPNA KUMARI (Old name) and SAPNA SHARMA (New name) both are same and one identical person.

**আমি, Sanjoy Chatterjee,** S/o-Mihir Chatterjee গ্রাম- রাজারামপুর, পোস্ট- শিবরামপুর, সুতাহাটা, জেলা- পূর্ব মেদিনীপুর ভুলবশত আমার কন্যা Swanalipi Chatterjee এর জন্ম শংসাপত্রে রেজিনং- 279 06/09 তারিখ- 02.07.2009 তে আমার নাম Sanjay Chatterjee হয়েছে, 4/2/26 মহামান্য জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট প্রথম শ্রেণী হলদিয়া কোর্টে এফিডেভিট নং- 3565 দ্বারা Sanjoy Chatterjee, S/o-Mihir Chatterjee এবং Sanjay Chatterjee F/o-Swanalipi Chatterjee এক ও অভিন্ন ব্যক্তি।

**আমি Mahasin Ali,** S/O- Sk Asraf Ali Molla, গ্রাম - রঘুনাথচক নতুন কলোনি, পোস্ট - ভুঁইয়ারচক, পোস্ট - দুর্গাচক, জেলা - পূর্ব মেদিনীপুর। ভুলবশত আমার পুত্র Sk Mustakin Ali এর জন্ম শংসাপত্রে রেজি নং: WB-BR-2014/20079/1/3648 তারিখ - 05/08/2014-তে আমার নাম Mahashin Ali হয়েছে। 7/4/26 মহামান্য জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট প্রথম শ্রেণী হলদিয়া কোর্ট এফিডেভিট নং 6562 দ্বারা Mahasin Ali, S/O- Sk Asraf Ali Molla এবং Mahashin Ali, father of Sk Mustakin Ali এক ও অভিন্ন ব্যক্তি।

**আমি, Mahfuja Khatun Bibi,** স্বামী- Mahasin Ali গ্রাম- রঘুনাথচক নতুন কলোনি, পোস্ট- ভুঁইয়ারচক, থানা- দুর্গাচক, জেলা- পূর্ব মেদিনীপুর। ভুলবশত আমার পুত্র SK Mustakin Ali -র জন্ম শংসাপত্র রেজি নম্বর:WB-BR-2014/20079/1/3648, তারিখ- 05/08/2014-তে আমার নাম Mafuja Bibi হয়েছে। 7/4/26 তারিখে মহামান্য জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট প্রথম শ্রেণী, হলদিয়া কোর্টে এফিডেভিট নম্বর: 6561 দ্বারা Mahfuja Khatun Bibi, W/o Mahasin Ali এবং Mafuja Bibi – Mother of Sk Mustakin Ali একই ও অভিন্ন ব্যক্তি।

**আমি, Samarpita Mukherjee Chatterjee,** W/O- Sanjoy Chatterjee, গ্রাম - রাজারামপুর, পোস্ট - শিবরামপুর, সুতাহাটা, জেলা - পূর্ব মেদিনীপুর। ভুলবশত আমার কন্যা Swaralipi Chatterjeeé-র জন্ম শংসাপত্রে রেজি নং - 27906/09 তারিখ - 02-07-2009 তে আমার নাম Samarpita Chatterjee হয়েছে। 4/2/26 মহামান্য জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট প্রথম শ্রেণী হলদিয়া কোর্টে এফিডেভিট নং - 3566 দ্বারা Samarpita Mukherjee Chatterjee, W/O-Sanjoy Chatterjee এবং Samarpita Chatterjee, Mother of Swaralipi Chatterjee এক ও অভিন্ন ব্যক্তি।

**I, Mukhtar Alam,** S/o Late Md Golam Rabbani, residing at B/1/2/1/H/14, J. K. Ghosh Road, P.O.- Belgachia, P.S.- Ultadanga, Kolkata- 700037, W.B., India, declare that, my deceased father previously known as Md. Ghulam Rabbani (Old name) and my deceased father's present name is Md Golam Rabbani (New name) and henceforth my father is known as Md Golam Rabbani in all purposes vide affidavtit Sl. No. 46 of 2026 sworn before the Notary Public, Kolkata on 08.04.2026, Md. Ghulam Rabbani and Md Golam Rabbani is same and one identical person.

**I, Sekhar Puitandi (Old name),** S/o Late Haradhan Puitandi, R/o Neamatpur Puitandi Para, P.O.- Sitarampur, P.S.-Kulti, Dist.- Paschim Bardhaman, Pin- 713359, W.B., have changed my name and henceforth shall be known as Shekhar Puitandi (New name) as declared by the affidavit vide Sl. No. 05/2026 dated 20.03.2026 before the Notary Public at Asansol, Paschim Bardhaman, Sekhar Puitandi (Old name) and Shekhar Puitandi (New name) both are same and one identical person.